COVID-১৯ : স্বাস্থ্য সুরক্ষা এবং অর্থনৈক কাঠামো সহায়তাকরনের লক্ষ্যে গ্রহীত অসাধারণ ব্যবস্থার সংক্ষিপ্তসার

COVID- ১৯ (ডিক্রি-আইন)-এর মহামারীর এই জরুরি অবস্থায়, জাতীয় স্বাস্থ্য পরিষেবা এবং পরিবার, শ্রমিক, ব্যবসা প্রতিষ্ঠান ও সংযুক্ত কোম্পানিগুলির অর্থনৈতিক কাঠামো জোরদারকরণমূলক ডিক্রি-আইন।

এই জরুরি অবস্থার কারনে যাতে করে কোন ব্যাক্তি তার কাজ না হারায়, এই লক্ষে শ্রমিক এবং বিভিন্ন সংস্থা বা কোম্পানিগুলির জন্য সহায়ন ব্যবস্থা

- জাতীয় পর্যায়ে সকল ধরনের উৎপাদন ক্ষেত্রের, সকল কর্মচারীদের মধ্যে চাকরি ছাঁটাই পরন্তু (la cassa integrazione in deroga) উপার্জন তহবিল প্রসারিত করা হয়েছে।মহামারী সংক্রান্ত জরুরি অবস্থার কারনে, ৫ জনেরও কম কর্মচারী বিশিষ্ট সকল কোম্পানীর নিয়োগকর্তা, যারা তাদের ব্যবসায়ীক কার্যক্রম হ্রাস বা স্থগিত করেছেন। তারা "COVID-১৯" এর নতুন নিয়মের আওতায়, সর্বাধিক ৯ সপ্তাহের জন্য ছাঁটাই পরন্তু উপার্জন তহবিল (la cassa integrazione guadagni in deroga) সুবিধা ব্যবহার করতে সক্ষম থাকবেন। যে কোম্পানীগুলি ইতিমধ্যেই অসাধারণ ছাঁটাই (la cassa integrazione straordinaria) আওতায় ছিলো, সে কোম্পানীগুলির মধ্যেও এই ব্যবস্থা প্রসারিত করা হয়েছে,;
- ”জরুরি COVID-১৯"(emergenza COVID-19” কারনে) এর আওতায় (FIS বা Fondo di integrazione salariale) এ নিবন্ধিত নিয়োগকর্তার দ্বারা নিযুক্ত, কর্মচারীদের মধ্যেও এই সাধারণ ভাতার সুযোগটি প্রসারিত করা হয়েছে। যে নিয়োগকর্তা গড়ে ৫ জনের বেশি কর্মচারী নিযুক্ত করে থাকেন এমন;
- ভ্যাট নাম্বারধারী partite IVA ও স্ব-কর্মে নিযুক্ত কর্মীদের জন্য মাসিক ভিত্তিতে ৬ শত ইউরোর (যা করমুক্ত) একটি ক্ষতিপূরণ প্রদান করা হবে। প্রায় ৫ মিলিয়ন লোকের জন্য এই ক্ষতিপূরণ নির্ধারন করা হয়েছে।তাদের মধ্যে রয়েছে, তালিকাভুক্ত নয় এমন পেশাদার ব্যাক্তি, co.co.co. কন্ট্রাকে নিবন্ধিত এবং পৃথক ব্যবস্থাপনার (gestione separata) আওতাভুক্ত, কারিগর,ব্যবসায়ী, প্রত্যক্ষ চাষাবাদী, বসতি স্থাপনকারী এবং পর্যটন ও তাপ প্রতিষ্ঠানে, বিনোদন শিল্পী,মৌসুমী শ্রমিক, কৃষি শ্রমিক;
- পেশাদার হিসাবে তালিকাভুক্ত এবং ক্ষতিপূরণ হিসেবে ৬০০ ইউরো পাওয়ার থেকে বাদ পরেছেন যারা, সেই সকল কর্মীর আয় বাবদ, সর্বশেষ সংস্থানে ৩০০ মিলিয়ন ইউরোর একটি অবশিষ্ট ফান্ড তৈরী করা হয়েছে;
- বেসরকারী কোন কর্মী যদি Covid-১৯ র জন্য, সক্রিয় তদারকির আওতায় থাকে কিংবা অসুস্থাবস্থায় কোয়ারেন্টাইনে থাকে, তাহলে সেই ব্যাক্তির ঘরে অবস্থানকালীন ঐ দিনগুলিকে অসুস্থতার জন্য যে ছুটি তার সমতুল্যকরণের প্রস্তাব রয়েছে। সরকারী খাতে এই সমীকরণটি ইতিমধ্যে ৯ ই মার্চ ২০২০ সালের DL –এ (আইন সভার ডিক্রিতে) সন্নিবেশ করানো হয়েছে;
- স্কুল স্থগিতকরণের পরে , ১২ বছর বয়স পর্যন্ত শিশু বা প্রতিবন্ধী শিশুর পিতা-মাতা, যারা চাকুরীজিবী তারা ৫০% পারিশ্রমিক ছাড় দিয়ে ১৫ দিনের ছুটি ভোগ করতে পারবে। বিকল্পভাবে, জাতীয় স্বাস্থ্যসেবা এবং আইন শৃঙ্খলা প্রয়োগকারী কর্মীদের শিশুর বেবী সিটিং পরিষেবার জন্য বোনাসের অংক ৬০০ ইউরো থেকে বাড়িয়ে ১০০০ ইউরো করা হয়েছে ;
- ৫ই ফেব্রুয়ারী, ১৯৯৯ সালের ১০৪ নং আইনের, ৩৩ নং ধারা এবং ৩ নং অনুচ্ছেদানুসারে, প্রতি মাসে কর্মীর যে ছুটিগুলি নির্ধারন ও অনুধাবন হয়ে থাকে, মারাত্মক প্রতিবন্ধকতার ক্ষেত্রে সেই ছুটির সাথে আরও বারো দিন বাড়ানো হয়েছে;

পরিবার এবং ব্যবসায়ীদের জন্য অর্থনৈতিক সহায়তাকরণ

ব্যবসা ও পরিবারগুলির অর্থনৈতিক ঘাটতি এড়াতে, ব্যাংকিং ব্যবস্থার হস্তক্ষেপ এবং সহযোগিতাক্রমে, যে বেস কিছু পরিকল্পনা করা হয়েছে ; নিম্নে তার প্রধানগুলি উল্লাখ করা হল:

- ঋণ গ্রহণকারী (যেমন, বন্ধক, লিজ, স্বল্প-মেয়াদী ঋণ) ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি আকারের কোম্পানির সেই ঋণ সম্পর্কিত কার্যক্রমের স্থগিতাদেশ;

- ক্ষুদ্র ও মাঝারী আকারের কোম্পানিগুলির জন্য কেন্দ্রীয় ফান্ডের গ্যারান্টি ও শক্তিশালীকরণ;

- স্বকর্মে নিযুক্ত কর্মীদের এবং প্রথম বাড়ি ক্রয়ের ক্ষেত্রে মালিকদের ঋণ তহবিলের ব্যবহার সরলকরণ;
- ক্রীড়া সহকর্মীদের ভাতা বৃদ্ধির ব্যবস্থা;
- বিভিন্ন সংগ্রহশালা, যাদুঘর এবং বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্থান পরিদর্শনের জন্য কোন চুক্তি করা বা কোন টিকেট ক্রয় করা হয়ে থাকলে, সেই চুক্তির স্থিতি কিংবা সমাপ্তি এবং ক্রয়কৃত অব্যবহৃত টিকিটের মূল্য, এক বছর মেয়াদী ভাউচারের আকারে পুনর্দান বিধান;
- বিনোদন, সিনেমা ও অডিওভিজুয়াল এবং অন্যান্য সংস্কৃতিক সেক্টরগুলির সমর্থনে জরুরী তহবিল প্রতিষ্ঠার বিধান;

করারোপণ সম্পর্কিত বাধ্যবাধকতা ও দায়বদ্ধতার কারনে যাতে, আর্থিক সমস্যা বৃদ্ধি না পায় সেই জন্য বিশেষ অর্থনৈতিক পদক্ষেপ গ্রহন;

- ফাত্তুরাতো বা চালানের কোনও ধরাবাধা সীমাবদ্ধতা নাই এবং সর্বাধিক ক্ষতিগ্রস্থ হয়েছে, যে কর্ম প্রতিষ্ঠান বা সেক্টরগুলি যেমন: পর্যটন-হোটেল, স্পা, যাত্রী পরিবহন, ক্যাটারিং এবং বার, সংস্কৃতি (সিনেমা হল, থিয়েটার), ক্রীড়া, শিক্ষা, বিনোদন পার্ক, ইভেন্ট (মেলা / সম্মেলন), গেম রুম এবং বাজি সেন্টার। এই সেক্টরগুলির, মার্চ মাসের ভ্যাট প্রদান ছাড়াও, মার্চ ও এপ্রিল মাসের হোল্ডিং ট্যাক্স প্রদান, সামাজিক নিরাপত্তা এবং কল্যাণমূলক অবদান এবং আবশ্যিক বীমা প্রিমিয়ামের বিষয়গুলি স্থগিতা রাখার আদেশ।
- যে সকল করদাতা ২ মিলিয়ন ইউরো পর্যন্ত চালান (ফাত্তুরা) করে থাকেন , তাদের জন্য (ভ্যাট প্রদান, হোল্ডিং ট্যাক্স এবং মার্চ মাসের ট্যাক্স) সম্পর্কিত শর্তাবলী ও সময়সীমা স্থগিতকরণ;
- সময়সীমা বাড়ানো - অর্থনৈতিক অপারেটর যাদের ক্ষেত্রে বকেয়া পেমেন্টের জন্য, সরকারী প্রশাসনের কাছে সময়সীমার সাসপেনশন প্রযোজ্য নয়। যা সরকারী প্রশাসনের অপরিশোধিত খাজনা, সামাজিক নিরাপত্তা ও কল্যাণ এবং বাধ্যতামূলক বীমার সাথে সম্পর্কিত কার্যাদির তারিখটি ১৬ই মার্চ থেকে ২০ এ মার্চ পর্যন্ত স্থগিত করা হয়েছে;
- ৪০০.০০০ ইউরোর অধিক অর্জন করেন নাই এবং যার কোন কর্মচারী নিয়োগ নাই, এমন পেশাগত ব্যাক্তির জন্য পূর্ববর্তী কর এবং মার্চ ও এপ্রিল মাসের চালান বা ফাত্তুরাতে হোল্ডিং ট্যাক্স প্রয়োগ না করন;
- Agenzia delle entrate র কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের ধার পরিশোধ, নিয়ন্ত্রণ, মূল্যায়ন,সংগ্রহ এবং মামলা মোকদ্দমা সম্পর্কিত শর্তাবলী আগামী মাসের ৩১ এ মে ২০২০ সাল পর্যন্ত স্থগিতকরণ;
- ট্যাক্স আদায়ের ফাইল সংগ্রহের জন্য শর্ত স্থগিতকরণ, ভারসাম্য এবং অংশের জন্য এবং Ter –বাতিল, নতুন ফোল্ডার প্রেরণ এবং নির্বাহী কাজের স্থগিতকরণ;
- শ্রমিক বোনাস: মার্চ মাসে যে সকল শ্রমিক, তাদের কর্মস্থলে গিয়ে কর্ম সম্পাদন করেছে (স্মার্ট ওয়ার্কিং না) এবং যাদের সামগ্রিক বার্ষিক আয় ৪০,০০০ ইউরোর ভিতরে ; তাদের জন্য ১০০ ইউরো বোনাস (কত দিন কাজ করেছে তা অনুসারে) প্রদান করা হবে এবং যা শুল্কমুক্ত;
- কর্মস্থলে নিরাপত্তার সুরক্ষার্থে স্যানিটেশনের জন্য ইন্সেনটিভ প্রদানের ভূমিকা:কর্ম সংস্থাগুলিতে স্যানিটাইজেশনের মাধ্যমে নিরাপত্তা বর্ধিতকরণের জন্য, ইন্সেনটিভ ব্যবস্থা। কর্ম সংস্থাগুলির জন্য যা একটি ট্যাক্স ক্রেডিটের (INAILতহবিলের হস্তক্ষেপ) মাধ্যমে সরবরাহ করা হয়। অনুরূপ অবদান স্থানীয় কর্তৃপক্ষের জন্যও একটি সুনির্দিষ্ট তহবিল মারফত সরবরাহ করা হয়;
- **COVID-১৯ অনুদান** - ১৩৩/৯৯ আইনের, ২৭ নং অনুচ্ছেদ অনুসারে কোম্পানি বা সংস্থাগুলির দ্বারা প্রদত্ত অনুদানের ছাড় সুবিধার পরিমাণ বাড়ানো হয়েছে ; এছাড়াও, ব্যক্তির দ্বারা প্রদত্ত সর্বোচ্চ ৩০.০০০ ইউরো পর্যন্ত অনুদানের জন্য ও ছাড় সুবিধার নির্ধারন করা হয়েছে;
- বাণিজ্যিক ভাড়া - দোকান এবং কর্মশালাগুলির জন্য মার্চ মাসের ভাড়ার ৬০% সমমানের একটি ট্যাক্স ক্রেডিট স্বীকৃত করা হয়েছে;
- আঞ্চলিক ও স্থানীয় সড়ক পরিবহন ও পাবলিক যাত্রী পরিবহন এবং স্কুল পরিবহন পরিষেবার কর্মীদের উপর Covid-১৯ এর প্রভাব বিস্তার রোধ করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহন ;

- বিধানের আওতায়, পাবলিক বাস সার্ভিসের চালকের জন্য সংরক্ষিত আসন থেকে, গ্রাহকদের আসন পৃথক করার জন্য নকশাকৃত পার্টিশনের ব্যবস্থা ;

এ ছাড়াও এই ডিক্রি আরও কয়েকটি ব্যবস্থা গ্রহণ করে, যার মধ্যে রয়েছে:

- জরুরি অবস্থায় দেওয়ানী,ফৌজদারি, প্রশাসনিক,আয়কর, হিসাবরক্ষণ এবং সামরিক বিচার বিভাগগুলির জন্য নিয়ন্ত্রণমূলক কিছু পদক্ষেপ গ্রহন করা হয়েছে। যেমন, পূর্ব নির্ধারীত তারিখ অনুযায়ী, ৯ই মার্চ থেকে ১৫ই এপ্রিল ২০২০ এর মধ্যে পড়ে এমন, সকল বিচারাধীন দেওয়ানী ও ফৌজদারি মামলার কার্যক্রম, ১৫ই এপ্রিল পর্যন্ত স্থগিত থাকবে। বিশেষ ব্যতিক্রম ছাড়, ঐ একই তারিখ পর্যন্ত দেওয়ানী, ফৌজদারি ও প্রশাসনিক অফিসের (জরিমানার শর্ত ও সময়সীমা এবং আইন বিষয়ক এমন) সকল কার্যক্রমের স্থগিতাদেশ;
- কারাগারে COVID-১৯ এর বিস্তার প্রতিরোধকরনের লক্ষে, কারাগারের কার্যকারিতার পুনরুদ্ধারমূলক ব্যবস্থা গ্রহন;
- অসাধারণ ব্যবস্থা হিসেবে, মহামারী সংক্রান্ত এই জরুরী অবস্থা অবসানের তারিখ অবধি ,সরকারী প্রশাসনের কর্ম সঞ্চালন এবং বিভিন্ন প্রতিযোগীতামূলক কার্যক্রম পরিষেবা অব্যাহতি রাখতে সাধারণ উপায় হিসাবে স্মার্ট ওয়ার্কিং এর ব্যবস্থাকরন ;
- উদ্বৃত্ত খাদ্য পুনরুদ্ধার করা এবং বঞ্চিত মানুষের মাঝে তা বিনামূল্যে বিতরণ করার ব্যবস্থা নিশ্চিত করণ;
- সনাক্তকরণী ডকুমেন্টসের মেয়াদোত্তীর্ণ হয়ে গেছে বা ডিক্রি কার্যকর হওয়ার পরে মেয়াদ শেষ হতে চলেছে, এমন ডকুমেন্টসগুলির বৈধতা ২০২০ সালের ৩১ সে আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে;
- দূরত্ব শিক্ষা বা On line শিক্ষা ব্যবস্থায় নিবেদিত প্ল্যাটফর্মগুলির জন্য অনুদান;
- স্বল্পমেয়াদী ও অনিয়মিত বিকল্প শিক্ষকদের পেশাগত ধারাবাহিকতার পক্ষে ব্যবস্থা গ্রহন;